

চুয়েটের উপাচার্যের পদত্যাগ

চুয়েট সংবাদদাতা

১৪ আগস্ট, ২০২৪ ২১:০১

শেয়ার

অ +

অ -



মোহাম্মদ রফিকুল আলম। ফাইল ছবি

চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (চুয়েট) উপাচার্য মোহাম্মদ রফিকুল আলম পদত্যাগ করেছেন। বুধবার (১৪ আগস্ট) রাষ্ট্রপতি বরাবর তিনি পদত্যাগের আবেদন করেন তিনি।

গতকাল উপাচার্য, সহ-উপাচার্য ও ছাত্রকল্যাণ পরিচালকের পদত্যাগ চেয়ে ৪৮ ঘণ্টার সময় বেঁধে দেন শিক্ষার্থীরা। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ছাত্রকল্যাণ দপ্তরের উপপরিচালক মো. সাইফুল ইসলামের কাছে তিন দফা দাবি লিখিতভাবে

পেশ করেন তারা।

সেই দাবির মুখেই চুয়েট উপাচার্য এমন সিদ্ধান্ত নেন বলে জানা যায়।

এ ব্যাপারে জানতে চাইলে চুয়েটের উপাচার্য মোহাম্মদ রফিকুল আলম কালের কণ্ঠকে বলেন, ‘আমি চুয়েটের সবার মঙ্গল চাই। শিক্ষার্থীরা আমাকে চাচ্ছেন না। তাই চুয়েটের স্বার্থে আমি পদত্যাগ করে পদত্যাগপত্র রেজিস্ট্রারের কাছে পাঠিয়েছি।

বাকি কাজ রেজিস্ট্রার সম্পন্ন করবেন।’

মোহাম্মদ রফিকুল আলম ২০২০ সালের ২৬ আগস্ট দ্বিতীয় মেয়াদে চুয়েটের উপাচার্য হিসেবে দায়িত্ব পান। এ মাসের ২৫ আগস্ট তার মেয়াদ শেষ হওয়ার কথা ছিল। তবে এর মধ্যেই শিক্ষার্থীদের দাবির পরিপ্রেক্ষিতে পদত্যাগ করেন তিনি।

চুয়েটের ছাত্রকল্যাণ পরিচালক মো. রেজাউল করিমকেও দায়িত্ব থেকে অব্যাহতি দিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার শেখ মোহাম্মদ হুমাযুন কবির স্বাক্ষরিত এক অফিস আদেশের মাধ্যমে এ তথ্য জানানো হয়।